প্রেস
১। কলেজের website-এ দিন।
২। শিক্ষক অভিভাবকদের অবগত করুন।
Ruddin
১৫/০৫/২৫
প্রফেসর মোঃ রাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং-০৭(১৫৩৭)/জাতীঃবি/কঃপঃ/ ৭০৭০

তারিখঃ ০৮/০৫/২০২৫

## প্রজ্ঞাপন

বিষয়ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি/বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ, এডহক কমিটি/গভর্নিং বডির সভাপতি ও অন্যান্য সদস্যদের কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ ব্যয় করে জাকজমকপূর্ণ/ আড়ম্বরপূর্ণ/মহাসমারোহে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন হতে বিরত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের প্রত্যান্ত অঞ্চলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দরিদ্র/নিম্নবিত্ত/মধ্যবিত্ত পরিবারের সন্তানরা উচ্চ শিক্ষা লাভের আশায় পড়াশুনা করে আসছে। সংশ্লিষ্ট কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের ব্যয়ভার কমানো উচিত বলে মনে হয়। এছাড়াও দেশের বর্তমান প্রেক্ষাপটের পূর্ববর্তী ও পরবর্তী পরিস্থিতি বিবেচনা করে অর্থনৈতিক মন্দা মোকাবেলা করা দেশের নাগরিক হিসেবে আমার, আপনার, সকলের দায়িত্ববোধের মধ্যে পড়ে।

এমতাবস্থায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/এডহক কমিটি/ গভর্নিং বডির সভাপতি ও অন্যান্য সদস্যদের কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ ব্যয় করে জাকজমকপূর্ণ/আড়ম্বরপূর্ণ/ মহাসমারোহে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে অর্থ ব্যয় করা থেকে বিরত থাকার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর, ট্রেজারারসহ অন্যান্য শিক্ষক/কর্মকর্তাগণ যখন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে যাবেন তাঁদের ক্ষেত্রেও এই নির্দেশ কার্যকর হবে।

বিঃ দ্রঃ অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট হতে পরীক্ষা ফি, ভর্তি ফি, সেশন ফি ও অন্যান্য নির্ধারিত ফি-এর অতিরিক্ত ফি গ্রহণ করা থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

08.05.2025

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

বিতরণঃ
১. অধ্যক্ষ, অধিভুক্ত সকল সরকারি/বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
২. এডহক কমিটি/গভর্নিং বডির সভাপতি/অন্যান্য কমিটির আহ্বায়ক;

স্মারক নং-০৭(১৫৩৭)/জাতীঃবি/কঃপঃ/ ৭০৭০

তারিখঃ ০৮/০৫/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
(প্রজ্ঞাপনটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হলো;
৩। অফিস কপি।

08.05.2025

কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

C:\Users\Sajal\Desktop\জাকজমকপূর্ণ-প্রজ্ঞাপন.doc